


# যুগান্তর

## রাজধানীর সাত কলেজের আট দাবি

প্রকাশ : ০২ নভেম্বর ২০১৯, ২১:৩১ | অনলাইন সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



ফাইল ছবি

রাজধানীর ৭ কলেজের শিক্ষার মানোন্নয়নে ৮টি দাবি করেছেন অধ্যক্ষরা। শনিবার তারা শিক্ষামন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় দাবিগুলো লিখিত আকারে পেশ করা হয়। শিক্ষামন্ত্রী দাবিগুলো বিবেচনার আশ্বাস দিয়েছেন।

আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটে সাক্ষাৎকালে অধ্যক্ষরা কলেজগুলোর শিক্ষা পরিস্থিতি তুলে ধরেন। এ সময় তারা শিক্ষক সংকট, আধুনিক তথ্যপ্রযুক্তি ও ল্যাবরেটরি সুবিধার ঘাটতি, পরিবহন সংকট ইত্যাদি তুলে ধরেন তারা।

এ সময় তারা মন্ত্রীকে বলেন, দেশের কলেজগুলোর উন্নয়নে সরকার কলেজ শিক্ষা উন্নয়ন প্রকল্প (সিইডিপি) গ্রহণ করেছে। কিন্তু ৭ কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীভুক্ত হওয়ার পর ওই প্রকল্প থেকে বাদ দিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়।

অধ্যক্ষরা জানান, কলেজগুলোতে বিদ্যমান সেশন জট পরিস্থিতির উন্নতি হচ্ছে। শিক্ষার মানোন্নয়নে প্রধানমন্ত্রীর স্বপ্নপূরণ হচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে সরাসরি একাডেমিক, পরীক্ষা ও অন্যান্য দিক পরিচালিত হচ্ছে।

পরে তারা দুই পৃষ্ঠার লিখিত একটি চিঠি শিক্ষামন্ত্রীকে হস্তান্তর করেন। এতে ৭টি দাবি তুলে ধরা হয়। এগুলো হচ্ছে- কলেজগুলোর বৈজ্ঞানিক ও কম্পিউটার ল্যাবরেটরি আধুনিকীকরণ, জরুরিভিত্তিতে ভবনগুলো উন্নয়ন ও সংস্কার, অধ্যক্ষ ও শিক্ষকদের মানোন্নয়ন ও প্রশিক্ষণের জন্য সিইডিপি প্রকল্পে অন্তর্ভুক্তকরণ, শিক্ষার্থীদের ক্লাস-পরীক্ষা যথাসময়ে অংশগ্রহণ নিশ্চিত এবং নিরাপত্তার স্বার্থে কলেজগুলোতে পর্যাপ্তসংখ্যক বা কমপক্ষে ৫টি বাস সরবরাহ, সংযুক্ত বা প্রকল্পের মাধ্যমে কলেজগুলোতে পর্যাপ্তসংখ্যক তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারী নিয়োগ, ক্যাম্পাসে সিসি টিভি ক্যামেরা স্থাপন ও বায়োমেট্রিক হাজিরা নিশ্চিত করা এবং বিভিন্ন জাতীয় দিবস ও উৎসব উদযাপন শিক্ষাপ্রতিষ্ঠানে বাধ্যতামূলক করা। এ ক্ষেত্রে বরাদ্দ বা ছাত্রদের কাছ থেকে আদায়ের নির্দেশনা প্রদান।

বৈঠকে ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক নেহাল আহমেদ, ইডেন কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. শামসুন নাহার, তিতুমীর কলেজের অধ্যক্ষ অধ্যাপক আশরাফ হোসেন, সরকারি বাঙলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. ফেরদৌসী খান, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক হোসেন আরা শেফালী, শহীদ সোহরাওয়ার্দী কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. আবুল হোসেন এবং সাত কলেজের সমন্বয়ক ও কবি নজরুল সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক আইকে সেলিমউল্লাহ খোন্দকার।

জানতে চাইলে অধ্যাপক আইকে সেলিমউল্লাহ খোন্দকার যুগান্তরকে বলেন, শিক্ষামন্ত্রী কলেজগুলোর সার্বিক বিষয় মনোযোগ দিয়ে শুনেছেন। তিনি বিদ্যমান সমস্যা সমাধানের আশ্বাস দেন। সিইডিপি প্রকল্পের সুবিধা কীভাবে কলেজগুলো পেতে পারে সেটি তিনি দেখবেন বলে জানিয়েছেন। প্রয়োজনে কলেজগুলোর জন্য পৃথক প্রকল্প গ্রহণের আশ্বাসও দেন তিনি।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।